হলিউডের বাংলা পত্রিকা

২১ একুশ

www.ekush.info

একুশ মানে : বাংলা বলার প্রতিশ্রুতি
একুশ মানে : বাড়িয়ে দেয়া বন্ধুত্বের হাত
একুশ মানে : সত্য জয়ের অধিকার
একুশ মানে : সরাসরি কথা বলা
একুশ মানে : দেশের প্রতি নি:শর্ত ভালোবাসা
একুশ মানে : নন্দিত মনের সুন্দর ভুবন

একুশ নিউজ মিডিয়া
Ekush News Media
6362-302 Hollywood Blvd, Hollywood, CA 90028
(818) 941 3876 / (213) 925 4652 / Fax (877) 226-4524

প্রস্তাবিত ইমিগ্রেশন নিয়ে সিনেটে যে বিতর্ক হচ্ছিলো তার অপমৃত্যু

বিস্তারিত ৩ পাতায়

আরকার কলাম

অবৈধ ইমিগ্র্যান্টদের বৈধতাপ্রাপ্তি বিষয়ক কোন সুখবর এখন আর নেই। গেল সপ্তাহে বিতর্কিত এই বিলটি আবার মুখ থুবড়ে পড়ে গেছে এবং আগামী দু এক বছরে ভালো কিছু আশা করা উচিত হবে না।

Ekush (Bengali Community Newspaper) Hollywood, California, USA ▲ Volume 02, Issue 07, July 7, 2007 ▲ www.ekush.info ▲ ৭ জুলাই ২০০৭ শনিবার ▲ ২১ জমাদিউস সানি ১৪২৮ ▲ ২৩ আষাঢ় ১৪১৪

আলোকিত মনের একুশ জেনারেশন সমাবেশ

একুশ ডেস্ক

এই প্রথমবারের মতো একুশ-এর নিয়মিত এবং আলোকিত মনের লেখক, লেখিকাদের নিয়ে ''একুশ জেনারেশন'' হিসাবে গত ২৮ জুন, ২০০৭, বৃহস্পতিবার আলাদিন রেস্টুরেন্টে এক সমাবেশ ও নৈশভোজের আয়োজন করে। সমাবেশে পাবলিশার্স ও এডিটর-ইন-চীফ জাহান হাসান সবাইকে উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানিয়ে একে একে সকলকেই পরিচয় করিয়ে দেন। অনেকেই লেখক, লেখিকাদের নামে চেনেন কিন্তু সামনা সামনি দেখার সুযোগ ঘটেনি, একুশ জেনারেশন সমাবেশের ফলে লেখক সমাজের মধ্যে পারস্পরিক সৌহার্দ্য ও সম্প্রীতির বন্ধন সৃষ্টি হয়। একে একে সকলেই সমাবেশে তাদের অনুভূতি ও সমালোচনার কথা ব্যক্ত করেন। অনেকেই বলেন একুশ প্রবাসে লেখার প্রেরণা সৃষ্টি করেছে, লেখক হিসাবে পরিচিতির সুযোগ করে দিয়ে এক চর্চার ক্ষেত্র পেয়েছে। চাঁদ সুলতানা প্রশংসার সাথে উল্লেখ করে বলেন, অনেকেই সমালোচনা করে বলেছে একুশতো ছবির পত্রিকা। এ প্রসঙ্গে সম্পাদক কাজী মশহুরুল হুদা বলেন যে, একুশ স্থানীয় সামাজিক পত্রিকা। প্রবাসীদের জীবনযাত্রা ও উৎসাহ প্রদান করা এবং নতুন প্রজন্মদেরকে প্রথম প্রজন্মদের সাথে সেতুবন্ধনের প্রয়াস। এক্ষেত্রে ছবি একটি বন্ধন। একথা আমরা বহুবার লেখার মাধ্যমে জানিয়েছি এবং তার ফলশ্রুতি আজ একুশ সমাজের প্রত্যেকের কাছে পৌঁছাতে সক্ষম হয়েছে।

প্রত্যেকের অনুভূতিতে একুশ ছিলো এক আশার আলো। এই অনুভূতিকে সামনে রেখে একুশ নিয়ে লস এঞ্জেলেসের বর্তমান সময়ের চলমান যে সব লেখক, লেখিকা ও সাহিত্যানুরাগী কথা বলেন তারা হচ্ছেন, তপন দেবনাথ, মামুন রিয়াজী, কাজী রহমান, সৈয়দ এম হোসেন বাবু, মিজানুর রহমান, লতিফ খান লিটন, রেহানা সুলতানা, ফারাহ সাঈদ, হামিদা আখতার, লতিফা খান শিউলী, রোকসানা কাজী, চাঁদ সুলতানা মাহবুব, আলী আজম মিঠু, আরা আহমেদ, দিদার আহমেদ ও আতিকুর রহমান। এছাড়া, বিশেষ ব্যস্ততা ও দুরত্বের কারণে অনেকেই উপস্থিত হতে পারেননি। কিন্তু টেলিফোনের মাধ্যমে সম্পাদকদ্বয়ের কাছে লেখক, লেখিকা সমাবেশ একটি চমৎকার পরিকল্পনা বলে জানিয়েছেন এবং ভবিষৎতে অনিয়মিত লেখক-লেখিকাদের সমাবেশ করার আশাবাদ করেন।

আলবাকারকি, নিউ মেক্সিকো থেকে একুশ-এর নিয়মিত লেখিকা মমতাজ শহীদ বলেন, ''একুশ'' প্রবাস এবং স্বদেশের একটি উঁচু মানসম্পন্ন বাংলা মুখপত্র। প্রবাসের সমসাময়িক নানা ধরণের গুরুত্বপূর্ণ বিষয় ঘটনা আলোচনা প্রতিবেদন ও সাহিত্য এক বর্ধিত কলেবরে প্রকাশ করে থাকে এই একুশ। অত্যন্ত রুচিসম্মত এবং সুসম্পাদিত প্রকাশনা বলতে গেলে বলতে হয় বেস্ট প্রোডাকশন একুশ এমন একটি পত্রিকা যা নাকি উত্তরসুরীদের পরস্পরায় ভবিষ্যতের সিঁড়িতে ওঠার প্রতিটি স্তরে নিয়ে যাবে জয়জয়কার ধ্বনিতে।

রোকসানা কাজী একুশকে শুভেচ্ছা জানিয়ে বলেন, আমরা একুশকে অন্যান্য ..পৃ..৩

জনমনে প্রশ্ন -

আন্তর্জাতিক বাংলা উৎসব নাকি হাবিবের কনসার্ট!

একুশ রিপোর্ট:

গত ১৬ ও ১৭ জুন, ২০০৭, শনিবার ও রবিবার লস এঞ্জেলেসে হয়ে গেলো কথিত আন্তর্জাতিক বাংলা উৎসব। এই অনুষ্ঠানকে কেন্দ্র করে লস এঞ্জেলেসে মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। ফেয়ারফ্যাক্স হাই স্কুলে অনুষ্ঠিত দু'দিন ব্যাপী উৎসবে অনেকেই হতাশ হয়েছেন। যারা এই উৎসব উপভোগ করতে এসেছিলেন তারা মনক্ষুন্ন হয়ে ফিরে গেছেন। কারণ ফ্ল্যায়ার, পোস্টারের কথামতো এর কোন প্রতিফলন দেখা যায়নি। দু'দিন ব্যাপী মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠান ছাড়াও বিভিন্ন পণ্য সামগ্রীর এক অভাবনীয় প্রদর্শনী, প্রকাশনা প্রতিষ্ঠান ও চল্লিশটির (৪০) মতো আবাসন স্টল মেলায় থাকার কথা প্রচারণায় উল্লেখ করা হয়েছিল। কিন্তু বাস্তবে দুই বাংলা থেকে কয়েকটি স্টল ও স্থানীয় স্টল নিয়ে

হাবিব ওয়াহিদের সংগীত বাংলাদেশকে এদেশের নতুন প্রজন্মের মাঝে সেতুবন্ধন করতে সক্ষম হয়েছে। ছবি–একুশ

হাবিব ওয়াহিদের কনসার্টে নতুন প্রজন্মের ছেলেমেয়েদের উচ্ছ্বাস। ছবি–একুশ

সর্বসাকুল্যে পনেরো (১৫)-টির মতো স্টল উৎসবের আমেজ আনতে ব্যর্থ হয়। যারা খাবারের স্টল দিয়েছিলেন তারা অভিযোগ করেছেন যে, প্রদত্ত প্রতিশ্রুতি পূরণ না হওয়ায় ক্ষতিগ্রস্থ হয়েছেন এবং আইনজ্ঞ ব্যবস্থা নিচ্ছেন বলে জানা গেছে। পৃ..২

নতুন প্রজন্মের প্রতিভাবান শিল্পী হাবিব ওয়াহিদ

Exclusive Interview with Habib Wahid

ফারাহ সাঈদ

সাম্প্রতিককালে বাংলাদেশের সংগীত জগতে জনপ্রিয়তার শীর্ষে আছেন নতুন প্রজন্মের প্রতিভাবান শিল্পী হাবিব ওয়াহিদ।

শেষ পাতায় দেখুন:

উত্তর আমেরিকার নতুন প্রজন্মের কাছে হাবিব কিভাবে জনপ্রিয় হলো ?

একুশ ডেস্ক: বেশী দিন হয়নি হাবিব কমার্শিয়াল মার্কেটে পদার্পণ করেছে, কিন্তু এ কয় বছরে পরিচিতির যে শীর্ষ স্থানে পৌঁছে গেছে তা বাংলাদেশের ইতিহাসে বিরল ঘটনা। হাবিবের নাম হঠাৎ করেই শোনা গেলো, সে যে কয়টি রেকর্ড বের করেছে তার প্রত্যেকটিই সাফল্যতা অর্জন করেছে।

৬ পাতায় দেখুন:

আমেরিকার মূলধারা ও নতুন প্রজন্মের সেতুবন্ধন

২১ বছরের ফোবানায় মাইল ফলক

আগামী ৩১ আগস্ট থেকে ২ সেপ্টেম্বর, ২০০৭ যুক্তরাষ্ট্রের ক্যানসাসের উচিটা শহরে অনুষ্ঠিত হতে যাচ্ছে ২১ তম ফোবানা সম্মেলন। এ উপলক্ষে মে মাসের শেষের দিকে ফোবানার একটি দল ঢাকা সফর করেন এবং ২ জুন, শনিবার বিকেলে ঢাকার শেরাটন হোটেলে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করেন। এতে সাংবাদিক, শিল্পী এবং অন্যান্য গুণীজনদের সাথে মত বিনিময় করেন। পৃ..২

রাজনীতি ছেড়ে দিতে চান জলিল

দলের বিপর্যয়ের জন্য শেখ হাসিনাই দায়ী
'যে কোনো উপযুক্ত দায়িত্ব' পালনে প্রস্তুত
সরকারের কর্মকাণ্ড র‍্যাটিফাই করতে অঙ্গীকারবদ্ধ



ছবি-যাযাদি

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক কারাবন্দি আবদুল জলিল রাজনীতি থেকে অবসর নেয়ার ইচ্ছা পোষণ করেছেন। প্রেসিডেন্ট ও প্রধান উপদেষ্টার কাছে দেয়া পৃথক চিঠিতে তিনি বলেছেন, আমার শারীরিক অসুস্থতা, পরিবার এবং ছোট ছেলেদের মুখ চেয়ে প্রয়োজন বোধে রাজনীতি থেকে অবসর নেয়ার সিদ্ধান্ত নিয়েছি।

গতকাল সকালে আবদুল জলিলের গুলশানের বাসভবনে এক সংবাদ সম্মেলনে তার দ্বিতীয় স্ত্রী রেহানা জলিল এ চিঠির কপি সাংবাদিকদের কাছে হস্তান্তর করেন। চিঠিতে আওয়ামী লীগের বর্তমান বিপর্যয়ের জন্য সভানেত্রী শেখ হাসিনাকে দায়ী করেন আবদুল জলিল। একই সঙ্গে তিনি সরকারের সব কাজের প্রতি সমর্থন জানিয়ে সহযোগিতার ইচ্ছা পোষণ করেন। কারাবন্দি অবস্থায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকাল ইউনিভার্সিটিতে চিকিৎসাধীন আবদুল জলিল স্বাক্ষরিত ২ জুলাইয়ে লেখা চার পৃষ্ঠার এই চিঠির সব পৃষ্ঠার ওপরে ও নিচে গোপনীয় শব্দটি লেখা রয়েছে।

চিঠির বর্ণনায় তার নিজের শারীরিক পরিস্থিতির অবনতি, বাংলাদেশের সংক্ষিপ্ত স্বাধীনতার ইতিহাস, আওয়ামী লীগের অভ্যন্তরে একনায়কতন্ত্র প্রতিষ্ঠার কারণ, দলীয় সভানেত্রী শেখ হাসিনার কঠোর সমালোচনাসহ দলের সাধারণ সম্পাদক হিসেবে ব্যর্থতার জন্য তিনি দুঃখিত ও লজ্জিত বলে উল্লেখ করেন। চিঠিতে তিনি মানবিক কারণে তাকে মুক্তি দেয়ার জন্য প্রেসিডেন্ট ও প্রধান উপদেষ্টার কাছে আবেদন জানান। সেই সঙ্গে তিনি এ কথা বলেন, তাকে 'যে কোনো উপযুক্ত দায়িত্ব পালন করার সুযোগ' দেয়া হলে তিনি তা পালন করতে প্রস্তুত আছেন।

প্রেসিডেন্ট ও প্রধান উপদেষ্টার কাছে দেয়া এ চিঠিতে আবদুল জলিল বলেন, আওয়ামী লীগ গণতান্ত্রিক পন্থায় পরিচালিত হয়ে আসলে আমাদের কারণেই একনায়ক-কেন্দ্রিক দলে পরিণত হয়েছে। ..পৃ..৯

লবীর ৮ বছরের জেল ঃ

লবীর ৮ বছরের জেল ঃ ১৭ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত

শামীম আহমেদ

এনবিআর'র মামলার রায়ে খুলনা-২ আসনের সাবেক এমপি এবং বাংলাদেশ ক্রিকেট বোর্ডের সাবেক সভাপতি আলী আসগর লবীকে আট বছরের জেল দেয়া হয়েছে। এ ছাড়া আসামিকে ২৫ লাখ টাকা জরিমানা অনাদায়ে আরো দেড় বছরের জেল এবং আয়কর রিটার্নে গোপন করা প্রায় ১৭ কোটি টাকা সরকারের পক্ষে বাজেয়াপ্ত করার নির্দেশ দেন আদালত। গতকাল সংসদ ভবনের বিশেষ আদালত-৩ এর বিচারক শাহেদ নূরউদ্দিন এ রায় প্রদান করেন। রায় ঘোষণার পর সরকার পক্ষের আইনজীবী মোশাররাফ হোসেন কাজল বলেন, এনবিআর'র মামলায় এটিই দেশের প্রথম দৃষ্টান্তমূলক রায়।

বিচারের রায়ে আদালত বলেন, আসামির বিরুদ্ধে মোট ১৭ কোটি ২৩ লাখ ৩৫ হাজার ৭৩১ টাকার প্রযোজ্য কর ৪ কোটি ৩০ লাখ ৮৩ হাজার ৯৯৮ টাকা ফাঁকির অভিযোগ রয়েছে। এ মামলায় মোট ১৮ জন সাক্ষী সাক্ষ্য দিয়েছেন। সাক্ষীদের সাক্ষ্য ও অন্যান্য নথিপত্রে আসামির বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয়। আদালত ..পৃ..৯

জাতির পিতার পরিবারকে কলংকিত করে কেন সংস্কার হবে না। - তোফায়েল আহম্মেদ

গত ৫ জুলাই, ২০০৭ বাংলাদেশ ক্যালিফোর্নিয়া আওয়ামী লীগ যুক্তরাষ্ট্র শাখার সভাপতি সোহেল রহমান বাদল লিখিতভাবে জানিয়েছেন যে, তিনি সরাসরি জনাব তোফায়েল আহম্মেদের সাথে বর্তমান পরিস্থিতিতে প্রবাসী কর্মীদের করণীয় সম্পর্কে আলাপকালে বলেন যে বঙ্গবন্ধুর কন্যাকে বাদ দিয়ে সংস্কার করা যাবে না এবং তিনি আরও বলেছেন জাতির পিতার পরিবারকে কলংকিত করে আওয়ামী লীগে কোন সংস্কার হবে না।

শেষ পাতায় দেখুন:

রেমিটেন্স পাঠানো ঝুঁকিমুক্ত করতে বাংলাদেশ ব্যাংকের বিশেষ ব্যবস্থা

আব্দুল কাইয়ুম তুহিন: প্রবাসীদের পাঠানো রেমিটেন্স যেন কোন ঝুঁকির মধ্যে না পড়ে সেজন্য বিশেষ ব্যবস্থা নিয়েছে বাংলাদেশ ব্যাংক। বিদেশি এক্সচেঞ্জ হাউজগুলোর সঙ্গে বাংলাদেশের ব্যাংকগুলোর রেমিটেন্স ব্যবসা পরিচালনার ক্ষেত্রে ঝুঁকি বহনের বিষয়টি নিশ্চিত করতে হবে। পাশাপাশি বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত শব্দসম্বলিত সাইনবোর্ড ব্যবহার করে কোনও এক্সচেঞ্জ হাউজ প্রবাসীদের যেন প্রবাসীদেরকে প্রতারিত করতে না পারে সে লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক বাণিজ্যিক ব্যাংকগুলোকে তাদের এক্সচেঞ্জ হাউজগুলোর প্রতি নির্দেশনা জারির পরামর্শ দিয়েছে। গতকাল বাণিজ্যিক ব্যাংকগুলোর প্রধান নির্বাহীদের কাছে পাঠানো বাংলাদেশ ব্যাংকের এক জরুরি চিঠিতে বলা হয়েছে, এক্সচেঞ্জ হাউজগুলো যেন তাদের অফিসিয়াল প্যাডে যেকোনও স্থানে কিংবা সাইনবোর্ডে, প্রচারপত্র, ব্রশিউর ও বিজ্ঞপ্তিতে 'বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত' শব্দাবলী বা বাংলাদেশ ব্যাংকের নাম অথবা মনোগ্রাম ব্যবহার না করে সে বিষয়ে কঠোর বিধিনিষেধসহ পরবর্তিতে তা যথাযথভাবে পালিত হচ্ছে কিনা তা নিশ্চিত করতে হবে। চিঠিতে আরো বলা হয়েছে, যুক্তরাষ্ট্রের এক্সচেঞ্জ হাউজগুলোকে ব্যবসা পরিচালনা করতে কোনও আর্থিক নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের লাইসেন্স গ্রহণ করতে হয় না। তাদেরকে ব্যবসা পরিচালনার জন্য শুধুমাত্র এইচএম কাস্টমস অ্যান্ড এক্সাইজ থেকে লাইসেন্স নিয়ে রেমিটেন্স ব্যবসা করে থাকে। এসব প্রতিষ্ঠানের কর্মকাণ্ডের ওপর কোনও তদারকি না থাকার কারণে এসব প্রতিষ্ঠানের সঙ্গে ব্যবসা পরিচালনার জন্য উচ্চ ঝুঁকি থাকে। এজন্য রেমিটেন্স ব্যবসার জন্য তাদের ঝুঁকি বহনের বিষয়টি নিশ্চিত করতে হয় ব্যাংকগুলোকে।

ফাস্ট সলিউশন মানি এক্সচেঞ্জ কোম্পানির অর্থ কেলেংকারির ঘটনার ... পৃ..৯

কাউন্সিলের প্রস্তুতির জন্য দলের অফিসে যাওয়ার সুযোগ চাইলেন খালেদা

হাসান শিপলু: বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া দলের সকল নেতাকর্মীকে ষড়যন্ত্রের বিরুদ্ধে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়ে বলেছেন, আমিও আপনাদের মতো সংস্কার চাই। কিন্তু সংস্কার করতে হলে কাউন্সিলে প্রস্তাব পেশ করতে হবে, আমার সঙ্গে আলোচনা করতে হবে। দলীয় মহাসচিবের প্রতি ঈঙ্গিত করে তিনি বলেন, হুট করে কেউ নিজের ইচ্ছা অনুযায়ী সংস্কার প্রস্তাব দিয়ে কাউন্সিল ডাকতে পারেন না।

বিএনপি চেয়ারপারসন গতকাল বিকালে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের মাজার জিয়ারত করতে গিয়ে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে এসব কথা বলেন। খালেদা জিয়া সরকারের উদ্দেশে বলেন, কাউন্সিল করার জন্য আমাকে বিএনপি অফিসে যেতে দিতে হবে, যাতে আমি প্রস্তুতি নিতে পারি। কাউন্সিল প্রক্রিয়া সম্পন্ন এবং সকল কাউন্সিলরের সঙ্গে যোগাযোগ করার সুযোগ দেয়ার অনুরোধও জানান তিনি।

মান্নান ভূঁইয়া অগণতান্ত্রিক কাজ করছেন বলে নিউইয়র্কের সাংবাদিকদের যেকথা বলেছেন সে প্রসঙ্গে তিনি বলেন, আমি এ কথা বলিনি। বলেছি, তাকে গঠনতন্ত্র মেনে চলতে হবে। দলে গঠনতন্ত্র আছে। গঠনতন্ত্র অনুযায়ী কাজ না করলে তা অগণতান্ত্রিক হবে।

বিএনপি চেয়ারপারসন বলেন, বিএনপি একটি বিশাল গণতান্ত্রিক দল। ইনশাল-হ দলের সকল নেতা ঐক্যবদ্ধ আছে।

৭ সেপ্টেম্বর ২০০০ বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে জনরোষ থেকে রক্ষা করছেন ফালু। ফালুর প্রথম বীরত্বের ধাপ তাকে করেছে মাল্টিমিলিওনিয়ার। ছবি- বিবিসি

একাডেমিক অলস্টার বাংলাদেশী নোরা এখন ৫০তম জুনিয়র মিস আমেরিকা

বিজয়ের এক অনাবিল মূহর্ত..শিক্ষা-সংস্কৃতির আরেক বাংলাদেশী আলোকবর্তিকা - বিজয়ী নোরা আলী। ছবি-খবরডটকম

৩ পাতায় বিস্তারিত পড়ুন।
ভিডিও: www.ekush.info

''একুশ জেনারেশন'': স্থানীয় আলাদিন রেস্টুরেন্টে উচ্ছ্বাস ও আনন্দ সমাবেশে গর্বিত একুশ-এর নিয়মিত এবং আলোকিত মনের লেখক, লেখিকা। ছবি–একুশ

বাংলাদেশ প্রবাসীদের রেজিষ্ট্রিকরণ বাধ্যতামূলক হচ্ছে

সাংবাদিক সম্মেলনে লস এঞ্জেলেস কনসুলেট জেনারেল অব বাংলাদেশ প্রবাসীদের প্রতি রেজিষ্ট্রিকরণ কর্মসূচীর ঘোষণা

নিজস্ব প্রতিনিধি:গত ২৭ জুন, ২০০৭, বুধবার কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, লস এঞ্জেলেসের কনসাল জেনারেল আবু জাফর এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করেন। উক্ত সাংবাদিক সম্মেলনে তিনি প্রবাসে বসবাসরত সকল বাংলাদেশীদের জন্য ১ জুলাই, ২০০৭ থেকে রেজিস্ট্রেশন ...শেষ পাতায় দেখুন

কনসাল জেনারেল জনাব আবু জাফর সানডিয়াগো ইমিগ্রেশন রিমোভাল সেন্টারে গেলেন

একুশ রিপোর্ট: সম্প্রতি বাংলাদেশ কনসাল জেনারেল জনাব আবু জাফর সানডিয়াগো ইমিগ্রেশন রিমোভাল সেন্টারে অবস্হানরত বাংলাদেশীদের সঙ্গে দেখা করতে যান। তাঁদের সঙ্গে খোলামেলা আলোচনা করেন। ...পৃ..৯

ঢাকা ইউনিভার্সিটি এলামনাই এসোসিয়েশন অব ক্যালিফোর্ণিয়ার প্রথম পিকনিক

নিজস্ব প্রতিনিধি

গত ৩০ জুন, ২০০৭ ঢাকা ইউনিভার্সিটির ৮৬ তম জন্মবার্ষিকী উপলক্ষে ঢাকা ইউনিভার্সিটি এলামনাই এসোসিয়েশন অব ক্যালিফোর্ণিয়া ..পৃ...৫

১ জুলাই, ২০০৭ থেকে লস এঞ্জেলেসে মেট্রো বাসের ভাড়া বেড়েছে

একুশ রিপোর্ট:

১ জুলাই, ২০০৭, রবিবার থেকে লস এঞ্জেলেসে মেট্রো বাসের ভাড়া বাড়ছে। এই ভাড়া বৃদ্ধির হার অনেকটা খামখেয়ালী বলেই মনে হয়। ওয়ানওয়ে ভাড়া ১.২৫ ডলার অপরিবর্তিত রয়েছে। ৩.০০ ডলারের ডে পাশকে ..পৃ..৫

সাবানের এওয়ার্ড নাইট:

৮ জন এওয়ার্ড প্রাপ্তির মধ্যে বাংলাদেশের পক্ষে পেয়েছেন ডঃ সাইফুল ইসলাম

নিজস্ব প্রতিনিধি

গত ২৮ জুন, ২০০৭, বৃহস্পতিবার উইলশ্যায়ার গ্রাউন্ডে সাউথ এশিয়ান বিজনেস এওয়ার্ড নাইট উদযাপিত হয়। **শেষ পাতায় দেখুন:**

ঢাকা ইউনিভার্সিটি এলামনাই এসোসিয়েশন অব ক্যালিফোর্ণিয়ার প্রথম পিকনিক, ২০০৭ । পিকনিকের কেলা-ধুলায় বিজয়ীদের সাথে কর্মকর্তাবৃন্দ ছবি-একুশ ..পৃ ..৫

বালা'র নির্বাচনী প্রস্তুতি

একুশ রিপোর্ট

গত ২৭ জুন, ২০০৭, আলাদিন রেস্টুরেন্টে বালা'র নির্বাচনী প্রস্তুতি কমিটির মিটিং-এ জাহেদুল মাহবুদ জামি ও সৈয়দ দেলোয়ার হোসেন দিলিরের উপস্থিতিতে নঈম হাবিব ঘোষণা দেন যে আগামী সেপ্টেম্বরের কোন এক সময় বালা'র নির্বাচন হবে। উপস্থিত অনেকেই পিকনিককে সামনে রেখে বালা'র নির্বাচন করার প্রস্তাব রাখেন। কমিশনার হিসাবে উপস্থিত সাদ চৌধুরী ও সাইফুর রহমান ওসমানী জিতু অচিরেই নির্বাচন করার পক্ষে রায় দেন এবং বালা'র সংবিধান অনুযায়ী নির্বাচন করা হবে বলে সকলেই একমত পোষণ করেন। মিটিং থেকে প্রধান নির্বাচনী কমিশনার ডঃ বি ডি খানের ....পৃ..৫

প্রতিদিনকার প্রাসঙ্গিক ভাবনার গল্প

নিয়মিত কলাম *৮ পাতায় দেখুন*

সমান্তরাল - মুকতাদীর চৌধুরী তরুন
আক্কেল গুরুম - মামুন রিয়াজী
সুখ - মমতাজ শহীদ

২১ জুলাই লস এঞ্জেলেসে ক্লোজআপ ওয়ান কনসার্ট, আসছে সালমা ও তার সেরা দশ

একুশ রিপোর্ট

আগামী ২১ জুলাই শনিবার লস এঞ্জেলেসে অনুষ্ঠিত হতে যাচ্ছে ক্লোজআপ ওয়ান কনসার্ট। স্থানীয় কয়েকজন উদ্যমী সমাজকর্মীদের সমন্বয়ে আয়োজিত এই ক্লোজআপ ওয়ান কনসার্টে ক্লোজআপ ওয়ান ২০০৬ এর "ও মোর বানিয়া বন্ধুরে, একটা তাবিজ বানাইয়া দে একটা মাদুলী বানাইয়া দে" খ্যাত সালমা আখতার এবং তার ক্লোজআপ ওয়ান এর সেরা দশ তারকা মুহিন, নিশিতা, রন্টি দাশ, কিশোর কুমার, পলাশ, পুতুল, বাঁধন, সাব্বির ও পুলক। আগামী আগামী ২১ জুলাই শনিবার লস এঞ্জেলেসে অনুষ্ঠিতব্য ক্লোজআপ ওয়ান কনসার্ট ফাউন্ডার্স চার্চ অডিটোরিয়াম, ৩২৮১ ওয়েষ্ট ৬ ষ্ট্রীট, লস এঞ্জেলেসে সন্ধ্যা ৭টায় অনুষ্ঠিত হবে।

যুক্তরাষ্ট্রে ক্লোজআপ তারকাদের মাসব্যাপী কনসার্ট রোববার থেকে পৃ...৩

একুশের কার্টুন